ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৪০

করবুক, ১৫ অক্টোবর, ২০২৫

**কালীপূজা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে করবুকে সভা অনুষ্ঠিত**

আসন্ন কালীপূজাকে সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে আয়োজিত করার লক্ষ্যে গতকাল করবুক মহকুমা প্রশাসনের উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়। করবুক মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত সভায় প্রশাসনের পক্ষ থেকে মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির প্রতিনিধিদের আসন্ন কালীপূজার সরকারি বিভিন্ন বিধিনিষেধ এবং নির্দেশিকা সম্পর্কে অবহিত করেন। তাছাড়া সভায় আলোচনা করেন মহকুমা পুলিশ আধিকারিক গমনজয় রিয়াং। সভায় উপস্থিত ছিলেন করবুক ব্লকের বিডিও শুভ্রজিৎ পাল, শিলাছড়ি ব্লকের বিডিও পাচাল দেববর্মা, বিভিন্ন দপ্তরের প্রতিনিধিবৃন্দ, মহকুমা এলাকার সমাজসেবী, বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির প্রতিনিধি সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

*****